




উদ্ভাবনী উদ্যোগ : SUNAMGANJ TRAVEL APP

ভূমিকা	বর্ণনা	মন্তব্য
<p>প্ৰেক্ষাপট</p>	<p>রামসার সাইট নামে খ্যাত সুনামগঞ্জ জেলার তাহিরপুর, ধর্মপাশা, মধ্যনগর ও জামালগঞ্জ উপজেলা নিয়ে বিস্তৃত টাঙ্গুয়ার হাওরা। বর্ষায় এর অপরূপ সৌন্দর্য অবলোকন করার জন্য দেশ বিদেশের প্রচুর দর্শনার্থী আসেন। টাঙ্গুয়ার হাওরের একদিকে রয়েছে ভারতের মেঘালয় রাজ্যের সুবিশাল পাহাড়। যার ফলে ভ্রমণকারীরা একসাথে হাওর ও পাহাড়ের সম্মিলন দেখতে পারে। বর্তমানে বাংলাদেশের মধ্যে যে কয়টি বিখ্যাত পর্যটন স্পট আছে তার মধ্যে টাঙ্গুয়ার হাওর অন্যতম। হাওরবেষ্টিত হওয়ায় টাঙ্গুয়া ভ্রমণ করতে হলে নৌকা, লঞ্চ, স্টীমার ইত্যাদির প্রয়োজন। এসব বিচেনায় ও ভ্রমণকারীগণকে নির্বিঘ্নে ও আরামদায়ক ভ্রমণ নিশ্চিত করতে বর্তমানে ট্যুর অপারেটরগুলো অত্যাধুনিক হাউজবোট নিয়ে টাঙ্গুয়া হাওরে চলাচল করছে। কিন্তু বর্তমানে হাউজবোটগুলির চলাচলের উপর সরকার তথা জেলা প্রশাসনের কার্যকর নিয়ন্ত্রণ নেই। চলাচলকারী হাউজ বোটের সংখ্যা, মালিকের নাম-ঠিকানা কিংবা পর্যটকবাহী বোটের ফিটনেস সম্পর্কিত তথ্য জেলা বা উপজেলা প্রশাসনের কাছে নেই। ফিটনেস মনিটরিং না থাকায় অগ্নিকান্ডসহ নৌযান ডুবির ঘটনা ঘটছে। কতৃপক্ষের অনুমতি ছাড়াই হাউজবোটের ব্যবসা পরিচালনা হচ্ছে। হাউজবোট ভাড়া ও বিভিন্ন সেবার অসহনীয় মূল্য প্রশাসন, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও বোট মালিকদের মধ্যে সমন্বয় নেই। হাউজবোটের রেজিস্ট্রেশন, লাইসেন্স নবায়ন ও ভ্যাট বাবদ প্রাপ্য রাজস্ব হতে সরকার বঞ্চিত হচ্ছে। হাওরসহ সংলগ্ন পর্যটন স্পটসমূহের পরিবেশ দূষণ। বোট মালিক, কর্মচারীসহ সংশ্লিষ্টদের পর্যটন সংক্রান্ত জ্ঞান এবং প্রশিক্ষণের অভাব, সার্বিক পর্যবেক্ষণ ও মূল্যায়নের অভাব। পর্যটকদের নিরাপত্তা তদারকির কোন সঠিক ব্যবস্থাপনা নাই। জরুরী প্রয়োজনীয় অবকাঠামোর অভাব ইত্যাদি বিবেচনা করে জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক SUNAMGANJ TRAVEL APP অ্যাপটি তৈরী করা হয়।</p>	
<p>উদ্ভাবন কার্যক্রমের সচিত্র তথ্য ভিত্তিক বিশ্লেষণ</p>		



সুনামগঞ্জের হাউজবোট-ভিত্তিক পর্যটনের স্মার্ট ব্যবস্থাপনা। টাঙ্গুয়ার হাওরসহ পর্যটন স্পটসমূহের পরিবেশ, প্রতিবেশ ও জীববৈচিত্র রক্ষা। হাওরে চলাচলকারি সকল হাউজবোট কে একটি অনলাইন প্ল্যাটফর্মে এনে তদারকি ও নিয়ন্ত্রণ। পর্যটকদের জন্য নিরাপদ ও আনন্দঘন ভ্রমণ নিশ্চিত করা। সুনামগঞ্জের পর্যটনকে দেশব্যাপি তুলে ধরা। হাউজবোট ট্যুরিজমকে অনলাইন পেমেন্ট সুবিধার আওতায় আনা।

প্রথমে প্রয়োজনীয় তথ্য দিয়ে ট্রাভেল পাস নিতে হবে, এতে ১০০ টাকা চার্জ নেয়া হবে যেটার ৩০% অ্যাপটির আপডেট, প্রমোশন ও হোস্টিং এর কাজে ব্যবহৃত হবে। বাকি ৭০% টাঙ্গুয়ার হাওরের পরিবেশ ও প্রতিবেশ উন্নয়নে ব্যবহৃত হবে। এরপর ইউজার আইডি পাসওয়ার্ড দিয়ে লগইন করে পছন্দমত হাউজবোট বুকিং দিয়ে বুকিং পাস নিতে হবে। মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস এবং কার্ডের মাধ্যমে পেমেন্ট করা যাবে।

জনকল্যাণে
উদ্ভাবন
কার্যক্রমের প্রভাব

SUNAMGANJ TRAVEL APP অ্যাপটি তৈরীর ফলে হাউজবোট ভিত্তিক পর্যটন কে শৃঙ্খলায় আনায় সম্ভব হবে। সরকার তথা জেলা প্রশাসনের কার্যকর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা হয়েছে। পর্যটকদের জন্য নিরাপত্তা এবং সুরক্ষা উন্নত হয়েছে এবং প্রাকৃতিক পরিবেশ এবং জীব বৈচিত্রের সংরক্ষণ হবে। তাছাড়া পর্যটকদের কাঙ্ক্ষিত সুবিধাসমূহের উন্নতি হবে এবং পর্যটন পরিষেবা প্রদানকারীদের পেশাগত দক্ষতার উন্নয়ন হবে। সুনামগঞ্জে পর্যটন খাতের আয়, কর্মসংস্থান ও সরকারের রাজস্ব আদায় বৃদ্ধি হবে এবং সুনামগঞ্জ একটি আকর্ষণীয় পর্যটন গন্তব্য হিসেবে পরিচিতি পাবে।

ভবিষ্যৎ
করণীয়/প্রস্তাব

SUNAMGANJ TRAVEL APP অ্যাপটিতে আরো নতুন নতুন ফিচার যুক্ত করা হবে। পর্যটকবাহী নৌকাসমূহে জিপিএস সিস্টেম চালু করা হবে যাতে করে জেলায় বসে নৌকাসমূহের অবস্থান ট্র্যাক করা যায়। তাছাড়া অনলাইন পেমেন্টের ক্ষেত্রে তফসিলীভুক্ত ব্যাংকসমূহকে অ্যাপটির সাথে যুক্ত করা হবে।

উপসংহার

পরিশেষে বলা যায়, জেলা প্রশাসন, সুনামগঞ্জ কর্তৃক SUNAMGANJ TRAVEL APP অ্যাপটি সুনামগঞ্জ জেলার টাঙ্গুয়ার হাওরে ভ্রমণকারীদের জন্য সার্বিক নিরাপত্তা, হেসেলফ্রি লেনদেন, ঘরে বসে কাঙ্ক্ষিত হাউজবোট বুকিংসহ নানাবিধ সুবিধা পাবে যা টাঙ্গুয়ার হাওরে অধিক সংখ্যক পর্যটককে এ জেলায় ভ্রমণে উৎসাহিত করবে।

গ্রন্থপুঞ্জি
রেফারেন্স

প্রযোজ্য নয়